# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدٍ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

---

ত্বালহাহ (রাঃ) নাবী (সাঃ)-কে উঠিয়ে নেন (طَلْحَةُ يَنْهَضُ بِالنَّبِيِّ ﷺ):

পাহাড়ের দিকে নাবী (ﷺ)_এর প্রত্যাবর্তনের পথে একটি টিলা পড়ে যায়। তিনি ওর উপর আরোহণের চেষ্টা করলেন বটে, কিন্তু সক্ষম হলেন না। কেননা, একে তো তাঁর দেহ ভারী হয়েছিল, দ্বিতীয়ত, তিনি দুটি বর্ম পরিহিত অবস্থায় ছিলেন। তাছাড়া, তিনি কঠিনভাবে আঘাত প্রাপ্তও হয়েছিলেন। সুতরাং ত্বালহাহ ইবনু উবাইদুল্লাহ (রাঃ) নীচে বসে পড়েন এবং তাঁকে সওয়ার করিয়ে নিয়ে দাঁড়িয়ে যান। এভাবে তিনি টিলার উপর পৌঁছে বলেন,(أَوْجَبَ طلحةُ)   'ত্বালহাহ (জান্নাত) ওয়াজিব করে নিয়েছে।'[1]

## ফুটনোট

[1] ইবনু হিশাম, ২য় খন্ড ৮৬ পৃঃ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=6265

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন